রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মে ৭, ২০২৬**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৫১—৪৬২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৭—৫৭৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৩৩—৪৫১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২/০৯ এপ্রিল ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৮.২৫-৫০২**—যেহেতু, জনাব কল্লোল বিশ্বাস (পরিচিতি নম্বর-১০৯১৩০৩৮), উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), দৌলতপুর, কুষ্টিয়া (প্রাক্তন কার্যালয়: মনিরামপুর, যশোর) এর বিরুদ্ধে সরকারি অর্থ আত্মসাতের অভিযোগ দুর্নীতি দমন কমিশনে দায়ের হয়; দায়েরকৃত অভিযোগটি নির্বাচন কমিশন সচিবালয়ে অগ্রগামী করা হলে অভিযোগের প্রাথমিক তদন্ত করা হয়; প্রাথমিক তদন্তে প্রমাণিত হয় যে, তিনি ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণ কর্মকর্তাদের যাতায়াত ভাতা হতে ১৫% ভ্যাট ও ৩% আয়কর কর্তন করে কর্তনকৃত মোট ৫,৩২,৪৪০/-(পাঁচ লক্ষ বত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করে সমুদয় অর্থ আত্মসাত করেন;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি পরায়নতা” এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-১৮/২০২৫ রুজু করে তাকে কারণ দর্শানো হয়; তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; বিগত ২৯-১০-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়;

যেহেতু, নিযুক্ত তদন্ত কর্মকর্তা জনাব খোরশেদ আলম, উপসচিব (জনবল-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করেন যে, অভিযুক্ত কর্মকর্তা নিজেই ভোটগ্রহণ কর্মকর্তাদের যাতায়াত ভাতার ভাউচারে ভ্যাট ও আয়কর কর্তন কলামে Pen through করে কর্তনকৃত ৫,৩২,৪৪০/- (পঁচ লক্ষ বত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকা সরকারি কোষাগারে জমা না দিয়ে নিজের কাছে রেখে দিয়েছেন;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, আনীত অভিযোগ বিভাগীয় তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক গুরুদণ্ডের সূত্রে অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ করা হয়; দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে তিনি আত্মপক্ষ সমর্থন করেন; তবে, তার জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার প্রদত্ত জবাব, তদন্ত প্রতিবেদন, নথি ও তৎসংশ্লিষ্ট বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় তাকে সরকারি "চাকুরি হইতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদণ্ড প্রাদানের সিদ্ধান্ত গ্রহণ করে;

যেহেতু, উল্লিখিত গুরুদণ্ড প্রাদানের বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়; বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংশ্লিষ্ট তথ্যবিবরণী পরীক্ষান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে "চাকুরি হইতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদণ্ড প্রাদানের পরামর্শ প্রদান করে;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের বিষয়ে সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি বরাবর উপস্থাপন করা হয়; মহামান্য রাষ্ট্রপতি ০৫-০৪-২০২৬ তারিখে তাকে "চাকুরি হইতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদণ্ড প্রাদানের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক জনাব কল্লোল বিশ্বাস (পরিচিতি নম্বর-১০৯১৩০৩৮), উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), দৌলতপুর, কুষ্টিয়া (প্রাক্তন কার্যালয়: মনিরামপুর, যশোর)-কে ০৫-০৪-২০২৬ তারিখে হতে "চাকুরি হইতে বরখাস্তকরণ" (Dismissal from Service) দণ্ড প্রাদান করা হলো। উল্লেখ্য যে, তৎকর্তৃক আত্মসাতকৃত ৫,৩২,৪৪০/- (পাঁচ লক্ষ বত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকা বিধি মোতাবেক আদায়যোগ্য।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২/১২ এপ্রিল, ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৫.২৫.২০**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন, উপ-তত্ত্বাবধায়ক, খুলনা জেলা কারাগার; তিনি কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে জেলার হিসেবে কর্মকালীন তাঁর বিরুদ্ধে গত ২৮-১১-২০২৪ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় 'রাষ্ট্রপক্ষের স্থগিতাদেশ উপেক্ষা, কুমিল্লায় ফাঁসির দুই আসামী ছেড়ে দিলেন জেলার' শিরোনামে প্রকাশিত সংবাদের ভিত্তিতে কারা-উপ মহাপরিদর্শক, চট্টগ্রাম বিভাগ কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে তাঁর দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা প্রমাণিত হয়;

০২। যেহেতু, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, লক্ষ্মীপুর এর ১৩৩/২০১৫ নং মামলায় গত ২৯-০৩-২০১৭ তারিখের রায়ে ০৪ (চার) জন আসামীকে মৃত্যুদণ্ডাদেশ প্রদান করা হয়। মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত উক্ত আসামীদের মধ্য হতে দু'জনকে (কয়েদি নং-৮৫৯০/এ ছানা উল্যা এবং কয়েদি নং-৮৫৯১/এ আব্দুর রহিম) লক্ষ্মীপুর জেলা কারাগার হতে ১৩-০৪-২০১৭ তারিখে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হয়। নারী ও শিশু নির্যাতন মামলা নং-১৩৩/২০১৫ এর ২৯-০৩-২০১৭ তারিখের রায়ের বিষয়ে রাষ্ট্র পক্ষ হাইকোর্ট বিভাগে ডেথ রেফারেন্স নং-৪১/২০১৭ দায়ের করে। অপর দিকে মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত উক্ত চারজন বন্দি ক্রিমিনাল আপিল নং-৩৬১৩/২০১৭ এবং জেল আপিল নং- ১৬০/২০১৭, ১৬১/২০১৭, ১৬২/২০১৭ ও ১৬৩/২০১৭ দায়ের করেন। উক্ত মামলাসমূহের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট বিভাগ গত ১১-১০-২০২২ তারিখের রায়ে ০৪ (চার) জন মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বন্দিকে বেকসুর খালাস প্রদান করে। হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১১-১০-২০২২ তারিখের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আপিল বিভাগে ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশন দায়ের করে। আপিল বিভাগের বিচারক হাইকোর্ট প্রদত্ত ১১-১০-২০২২, তারিখের রায়কে গত ২৪-১০-২০২২ তারিখের আদেশে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করেন এবং রাষ্ট্রপক্ষকে উক্ত বিষয়ে নিয়মিত ফাইল করার জন্য নির্দেশ প্রদান করেন। উক্ত আদেশটি মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মেমো নং-১৬০৭৭/২২, তারিখ: ৩০-১০-২০২২ মূলে কুমিল্লা কারাগারে প্রেরণ করা হয়। কুমিল্লা কেন্দ্রীয় কারাগারের রেকর্ড অনুযায়ী গত ০২-১১-২০২২ তারিখে আদেশটি কারাগার কর্তৃক গৃহীত হয়েছে এবং আসামীদেরকে কয়েদি হিসেবে ১২-১১-২০২৪ তারিখ পর্যন্ত কারাগারে আটক রাখা হয়;

৩। যেহেতু, ১৩৩/২০১৫ নং মামলায় মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত ০৪ (চার) জন আসামীকে হাইকোর্ট বিভাগের মামলাসমূহ যথা: ডেথ রেফারেন্স নং ৪১/২০১৭, ক্রিমিনাল আপীল নং ৩৬/২০১৭, জেল আপীল নং ১৬০/২০১৭, ১৬১/২০১৭, ১৬২/২০১৭ ও ১৬৩/২০১৭ এর ১১-১০-২০২২ তারিখের রায়ে প্রদত্ত মুক্তির আদেশটি লক্ষ্মীপুর জেলা কারাগারের মাধ্যমে গত ১২-১১-২০২৪ তারিখে কুমিল্লা কারাগারে পৌছে এবং গৃহীত হয় (স্মারক নং-৪০১৮, তারিখ: ০৯-১১-২০২৪ মূলে)। তাঁর নিকট আপিল বিভাগের ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশনে ২৪-১০-২০২২ তারিখে প্রদত্ত ০৮ (আট) সপ্তাহের স্থগিতাদেশটি থাকা সত্ত্বেও মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত ০৪ (চার) জন বন্দির মধ্যে তাঁর কারাগারে আটক ০২ (দুই) জন বন্দিকে সিনিয়র জেল সুপারের অনুপস্থিতিতে গত ১২-১১-২০২৪ তারিখে তিনি মুক্তি প্রদান করেছেন। একই মামলায় অপর ০২ (দুই) জন বন্দি কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুরে আটক থাকেন;

০৪। যেহেতু, ডেপুটি জেলার জনাব তৌহিদুল ইসলাম এবং অন্যান্য কর্মচারীগণ তাঁকে ফাইলে থাকা ২০২২ সালের Stay order-এ "Stay for eight weeks" লেখা আদেশ এবং পরবর্তীতে উক্ত স্থগিতাদেশ বর্ধিতকরণের কোনো আদেশ না থাকার বিষয়ে তাঁকে অবগত করা হলে তিনি তাঁদেরকে বলেন, স্থগিতাদেশের মেয়াদ শেষ হয়ে গেছে। তিনি আপিল বিভাগের ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশন মামলায় গত ২৪-১০-২০২২ তারিখে প্রদত্ত ০৮ (আট) সপ্তাহের স্থগিত আদেশকে মেয়াদ উত্তীর্ণ আদেশ আখ্যা দিয়ে ০২(দুই) জন মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত বন্দিকে মুক্তি প্রদান করে কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন করেন এবং সরকারি আদেশ অবজ্ঞা করেন;

০৫। যেহেতু, জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর শামিল। তাঁর এহেন আচরণের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাকে 'অসদাচরণ' দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-০৭/২০২৫ নম্বর রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত গত ০২-০৬-২০২৫ তারিখে বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ০৯-০৭-২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৬। যেহেতু, গত ০৬-০৮-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তাঁর দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

০৭।যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ক) বিধি অনুযায়ী তাকে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়।

০৮। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৮-০৯-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন- কে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়।

০৯। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ অনুযায়ী "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" এর বিষয়ে পরামর্শ গ্রহণের জন্য গত ২৩-১০-২০২৫ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

১০। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তাকে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করে;

১১। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ক) বিধি মোতাবেক জনাব মোঃ আব্দুল্ল্যাহেল আল-আমিন, উপ-তত্ত্বাবধায়ক, খুলনা জেলা কারাগার (সাবেক জেলার কুমিল্লা কেন্দ্রীয় কারাগার)- কে **"০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ"** সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২/০৮ এপ্রিল ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৭.২৭.০৪৩.২৫-১৪৮/১**—যেহেতু, জনাব মোহাঃ সোহেল রেজা, পিপিএম (বার), (বিপি-৭২০৫১১২৩৭৭), সাবেক উপ-পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট (সুপারনিউমারারি অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত) ও বর্তমানে রংপুর রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ইতঃপূর্বে উপ-পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট হিসাবে কর্মরত থাকাকালে তাঁর ও সাবেক এসআই (নিরস্ত্র) শাহীন কবির-এর কথোপকথনের একটি অডিও ক্লিপ (Audio Clip) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক (Facebook)-এ ভাইরাল হয়। সিলেট জেলার সীমান্ত দিয়ে অবৈধ উপায়ে ভারত থেকে আসা পেঁয়াজ, চিনি ও অন্যান্য দ্রব্যাদি বহনকারী গাড়ী/ট্রাক/পিকআপ সিলেট মহানগরের উপর দিয়ে চলাচল করে। তিনি জনাব শাহ পরাণ তদন্ত কেন্দ্রের তৎকালীন ইনচার্জ এসআই জনাব শাহীন কবিরের মাধ্যমে ভারত থেকে বাংলাদেশে অনুপ্রবেশকারী প্রতিদিন প্রায় ১০/১৫ টি গাড়ি হতে আর্থিক লেনদেন করেন। এক্ষেত্রে গাড়ীর সংখ্যা এবং হিসাবের সাথে সংশ্লিষ্ট চাঁদা নিয়ে সাবেক এসআই শাহীন কবিরের মধ্যে গরমিল হওয়ায় উক্ত কথোপকথন হয়। উক্ত অডিও ক্লিপটি (Audio Clip) ডিজিটাল ফরেনসিক ল্যাব, সিআইডি, মালিবাগ, ঢাকা কর্তৃক পরীক্ষায় তাঁর এবং সাবেক এসআই জনাব শাহীন কবিরের মর্মে প্রমাণ পাওয়া যায়। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা ০৪১/২০২৫ নম্বর রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করলে গত ০৮-০৪-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানিকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রতীয়মান হয়েছে;

০৩। সেহেতু, জনাব মোহাঃ সোহেল রেজা, পিপিএম (বার), (বিপি-৭২০৫১১২৩৭৭), সাবেক উপ-পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট (সুপানিউমারারি অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত) ও বর্তমানে রংপুর রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ইতঃপূর্বে উপ-পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য এবং উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'-এর অভিযোগে একই বিধিমালার ৪(২) উপ-বিধি ১(ঘ) অনুযায়ী তাঁকে **'০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ'** লঘুদণ্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২/১২ এপ্রিল ২০২৬

নং **৪৪.০০.০০০০.২২৫.০৪.০০১০.২২-৩৫**— আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৩২/১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি, ব্যাচ, বিপি নম্বর | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | হারুনুর রশিদ, বিপি-৭৪০১১১৯৭৫৩ বিসিএস ২০তম ব্যাচ, সাবেক ডিবি প্রধান, ডিএমপি, ঢাকা | মোহাম্মদপুর থানার মামলা নং-৪৫, তারিখ: ২২-৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-২৪, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১৩, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-০৯, তারিখ: ১৫-০৮-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-০৯, তারিখ: ৬-১০-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-৫৯, তারিখ: ১৯-৫-২০২৫ খ্রি. |
| ০২ | বিপ্লব কুমার সরকার, বিপি-৭২০৩১২২৫৯৬, বিসিএস ২১তম ব্যাচ, সাবেক অতিরিক্ত ডিআইজি (যুগ্ম কমিশনার, ডিএমপি), ঢাকা | মিরপুর মডেল থানার মামলা নং-২৪, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১৩, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-০৯, তারিখ: ১৫-০৮-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-০৯, তারিখ: ৬-১০-২০২৪ খ্রি. |
| | | মোহাম্মদপুর থানার মামলা নং-৪৫, তারিখ: ২২-৯-২০২৪ খ্রি. |
| | | কদমতলী থানার মামলা নং-৫৯, তারিখ: ২৭-১২-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-৫৯, তারিখ:১৯-৫-২০২৫ খ্রি. |
| ০৩ | জসিম উদ্দিন মোল্লা, বিপি-৭৬০৫১০৪৫৫৮ বিসিএস ২৪তম ব্যাচ, (সাবেক উপ-পুলিশ কমিশনার, মিরপুর বিভাগ) ডিএমপি, ঢাকা | কাফরুল থানার মামলা নং-০৪, তারিখ: ০২-১১-২০২৪ খ্রি. |
| ০৪ | মোহাম্মদ ইকবাল হোসাইন, বিপি-৮১০৮১২১৬৩৮, বিসিএস ২৭তম ব্যাচ, (সাবেক উপ-পুলিশ কমিশনার, ওয়ারী বিভাগ) ডিএমপি, ঢাকা | কদমতলী থানার মামলা নং-৫৯, তারিখ: ২৭-১২-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-৫৯, তারিখ: ১৯-৫-২০২৫ খ্রি. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.২০৫.২৬.২৪৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১১১৫১ ক্যাপ্টেন আতিয়া জামান, এএসসি- কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে ‘বরখাস্ত’ করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের ‘বরখাস্ত’ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**[প্রজ্ঞাপন]**

তারিখ: ২৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/০৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ।

নং **১৫/২০২৬/কাস্টমস ১৮০**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, সোনামসজিদ স্থল কাস্টমস স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ-এ অবস্থিত “ডিবিএস ডিউটি ফ্রি” নামীয় শুল্কমুক্ত বিপণি (Duty Free Shop) [বন্ড লাইসেন্স নং- ০১/কাস-পিবিডব্লিউ/রাজশাহী/২০১৫, তারিখ: ২৮-১০-২০২৫ খ্রি.] এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের অনুমোদিত আমদানি প্রাপ্যতা হতে ২০২৫-২০২৬ অর্থবছরে ইতোমধ্যে আমদানিকৃত ২৬,৫২৯.০০ (ছাব্বিশ হাজার পাঁচশত ঊনত্রিশ) মার্কিন ডলার বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল:

| ক্র.নং | বিবরণ | ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (মা. ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩৫,৪৭১.০০ (পঁয়ত্রিশ হাজার চারশত একাত্তর) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ চৈত্র ১৪৩২/০৫ এপ্রিল ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৭.০৪.০০২.২০-২৩০**—যেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ শফিউল ইসলাম (গ্রেডেশন নম্বর-১৯২০), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) এর বিধান অনুযায়ী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

০৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী ডাঃ মোঃ শফিউল ইসলাম (গ্রেডেশন নম্বর-১৯২০), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**

সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/০৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০০২.২৬.২১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির আংশিক খতিয়ানসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বার | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | খতিয়ান নম্বর | থানা | জেলা | বিভাগ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | কাটাসুর | ০৬ | ০১ (এক) টি | ৪৫০ | মোহাম্মদপুর | ঢাকা | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**

সহকারী সচিব।

---

**অধিগ্রহণ-১ শাখা**

**এল. এ. কেস নং-৫০/৭৫-৭৬**

**ফরম-"ঘ"**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২/৬ এপ্রিল ২০২৬

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৭.২০.৮০**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২১-১০-১৯৭৮ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**<u>তফসিল</u>**

মৌজা: কালিগঞ্জ, জে.এল নং-০৩, থানা-ডিমলা, জেলা-নীলফামারী

| এস.এ খতিয়ান নং | এস. এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৯১৬ | ৬৩২৫ | ০.০২০০ |
| ৯১৬ | ৬৩২৬ | ০.০৬০০ |
| ৯৮২ | ৬৩২৮ | ০.৩৬০০ |
| ৫৫৩ | ৬৮৪৩ | ০.০৪০০ |
| ৫৫৩ | ৬৮৪৪ | ০.০৩০০ |
| ৫৫৩ | ৬৮৪৫ | ০.০২০০ |
| ৫৫৩ | ৬৮৪৬ | ০.০১০০ |
| ৯৯২ | ৬৮৪৭ | ০.১৯০০ |
| ৩৯২ | ৬৮৪৮ | ০.১২০০ |
| ৩৯২ | ৬৮৪৯ | ০.১৫০০ |
| ৩৯২ | ৬৮৫০ | ০.১৩০০ |
| ৩৯২ | ৬৮৫১ | ০.৪১০০ |
| ৫০০ | ৬৮৮৬ | ০.৮৭০০ |
| ২৪৮ | ৬৮৯০ | ০.১৪০০ |

| এস.এ খতিয়ান নং | এস. এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৪৮ | ৬৮৯১ | ০.১১০০ |
| ৩২৪ | ৬৮৯২ | ০.১৮০০ |
| ৩১৪ | ৬৮৯৩ | ০.১৩০০ |
| ৩৯৩ | ৬৮৯৪ | ০.৫৮০০ |
| ৩৯৩ | ৬৮৯৫ | ০.৩৪০০ |
| ১,৩১৪ | ৬৮৯৬ | ০.২৫০০ |
| ২২৪ | ৬৮৯৮ | ০.৪৩০০ |
| ৯১৬ | ৬৩২৭ | ০.২৪০০ |
| ১৪৮ | ৬৮৯৭ | ০.২৪০০ |
| | মোট= | ৫.০৫০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল. এ. কেস নং-৮০/৭৭-৭৮**

**ফরম-"ঘ"**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২/৬ এপ্রিল ২০২৬

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৭.২০.৮০**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৮-০৫-১৯৮২ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা: উত্তর ঝুনাগাছ চাপানী, জে.এল নং-৬৭, থানা-জলঢাকা, জেলা-নীলফামারী

| এস.এ খতিয়ান নং | এস. এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১০৭২ | ৫২৯৩ | ০.০৩০০ |
| ১০৭২ | ৫২৯৪ | ০.৬২০০ |
| ১০৬২ | ৫২৯৫ | ০.২০০০ |
| ১১২৯ | ৫২৯৬ | ০.২১০০ |
| ১০৯৩ | ৫২৯৭ | ০.০৭০০ |

| এস.এ খতিয়ান নং | এস. এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১১২৮ | ৫৩০০ | ০.০৬০০ |
| ১০৬২ | ৫৩০১ | ০.২২০০ |
| ১১২৮ | ৫৩০২ | ০.১৫০০ |
| ১৩৮৬ | ৫৩০৩ | ০.০৬০০ |
| ১৩৪৮ | ৫৩০৪ | ০.৭৭০০ |
| ১৩৮৬ | ৫৩০৫ | ০.০১০০ |
| ১৩৮৬ | ৫৪২৮ | ০.০১০০ |
| ১১২৬ | ৫৪২৯ | ০.৫৬০০ |
| ১০৯২ | ৫৪৩০ | ১.৬০০০ |
| ১৩৮২ | ৫৪৩১ | ০.০১০০ |
| ১৪৮২ | ৫৪৩৪ | ০.০৯০০ |
| ১৪৯৮ | ৫৪৩৫ | ০.০১০০ |
| ১৩১৬ | ৫৪৩৯ | ০.৫২০০ |
| ১৩৯৪ | ৫৪৪০ | ০.৪৫০০ |
| ১৩২২ | ৫৪৪১ | ০.৬০০০ |
| ১৩৮২ | ৫৪৪২ | ০.০১০০ |
| ১৩২২ | ৫৪৪৫ | ০.৩২০০ |
| ১৩০৩ | ৫৪৫২ | ০.০১০০ |
| ১৩৪৩ | ৫৪৫৩ | ০.৬৭০০ |
| ১৩১৬ | ৫৪৫৪ | ০.৩৮০০ |
| ১৪৮২ | ৫৪৫৫ | ০.০৬০০ |
| ১৩৬৪ | ৫৬৩০ | ০.০১০০ |
| ১৩১৮ | ৫৬৪৪ | ০.০১০০ |
| ১৩৯০ | ৫৬৪৫ | ০.০৮০০ |
| ১০৩৫ | ৫৬৬০ | ০.৩২০০ |
| ১৫১৪ | ৫৬৬১ | ০.২৮০০ |
| ১৪৫০ | ৫৬৬২ | ০.১২০০ |
| ১৩৭৩ | ৫৬৬৩ | ০.১৩০০ |
| ১৫০৮ | ৫৬৬৪ | ০.০৮০০ |
| ১৩৭৪ | ৫৬৬৫ | ০.০৩০০ |
| ১০৩৫ | ৫৬৬৬ | ০.০১০০ |
| ১৩৮২ | ৫৬৭৯ | ০.২২০০ |
| ১৩৮২ | ৫৬৮৭ | ০.০১০০ |
| ১৪৫০ | ৫৬৮৮ | ০.৩০০০ |
| ১৪৫৫ | ৫৬৮৯ | ০.১১০০ |
| ১৩৬৪ | ৫৬৯০ | ০.১৩০০ |
| ১৪৩২ | ৫৬৯১ | ০.১০০০ |

| এস.এ খতিয়ান নং | এস. এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৪৩২ | ৫৬৯২ | ০.১৮০০ |
| ১৩৮০ | ৫৬৯৩ | ০.২১০০ |
| ১৪৩২ | ৫৬৯৪ | ০.২৯০০ |
| ১৪৮০ | ৫৬৯৫ | ০.১৬০০ |
| ১৪৮০ | ৫৬৯৬ | ০.০৩০০ |
| ১৩৭৫ | ৫৬৯৭ | ০.১০০০ |
| ১৩৭৪ | ৬১২৯ | ০.১৪০০ |
| ১৩৭৪ | ৬১৩০ | ০.০৯০০ |
| ১৩৩৫ | ৬১৩১ | ০.১৩০০ |
| ১৩৩৫ | ৬১৩২ | ০.১৮০০ |
| ১৩৭৪ | ৬১৩৩ | ০.১৬০০ |
| ১৩৩৭ | ৬১৩৪ | ০.১৯০০ |
| ১৩২২ | ৬১৩৫ | ০.১৮০০ |
| ১৩৫৫ | ৬১৩৬ | ০.০৩০০ |
| ১৩১২ | ৬১৩৭ | ০.১১০০ |
| ১৩১২ | ৬১৩৮ | ০.০২০০ |
| ১৪৬৪ | ৬১৭১ | ০.১২০০ |
| ১৩৩৭ | ৬১৭২ | ০.০১০০ |
| ১৩৭১ | ৬১৭৩ | ০.৩১০০ |
| ১৪৩৭ | ৬১৭৪ | ০.৪২০০ |
| ১৩২২ | ৬১৭৫ | ০.৪২০০ |
| ১৪৩৭ | ৬১৭৬ | ০.০৪০০ |
| ১৩৮২ | ৬১৭৭ | ০.০১০০ |
| ১৪৩৭ | ৬১৮১ | ০.০৪০০ |
| ১৪৩৭ | ৬১৮২ | ০.১০০০ |
| ১৪৩৭ | ৬১৮৩ | ০.২৯০০ |
| ১৩৮২ | ৬১৮৪ | ০.২৫০০ |
| ১৪৩৭ | ৬১৮৫ | ০.১৪০০ |
| ১৩৮২ | ৬১৮৬ | ০.০৩০০ |
| ১৪৪৩ | ৬১৮৭ | ০.১৫০০ |
| ১৪৪৩ | ৬১৮৮ | ০.১৪০০ |
| ১৫০৮ | ৬১৮৯ | ০.০৬০০ |
| ১৪৩৭ | ৬১৯০ | ০.৪২০০ |
| ১৫০৮ | ৬১৯১ | ০.১৬০০ |
| ১৪৩৭ | ৬১৯২ | ০.০১০০ |
| ১৫০৮ | ৬১৯৫ | ০.০২০০ |
| ১৪৩৭ | ৬১৯৬ | ০.১৩০০ |
| ১৪৩৭ | ৬১৯৭ | ০.৩২০০ |
| ১৪৩৭ | ৬১৯৮ | ০.১২০০ |
| ১৪৩৭ | ৬১৯৯ | ০.১০০০ |
| ১৪৩৭ | ৬২০০ | ০.০৩০০ |
| ১৪৮৫ | ৬২১৯ | ০.০১০০ |
| ১৪৬৩ | ৬২২৩ | ০.৩৬০০ |
| ১৪৩৭ | ৬২২৪ | ০.০১০০ |
| ১৪৬৩ | ৬২২৫ | ০.৫৭০০ |
| ১৩৪৩ | ৫৬৪৬ | ০.২০০০ |
| ১৩৬৯ | ৫৬৪৭ | ০.১৫০০ |
| ১৩৩৫ | ৫৬৫১ | ০.১২০০ |
| ১৩৩৫ | ৫৬৫৫ | ০.৫৬০০ |
| ১৩৩৫ | ৫৬৫৬ | ০.০২০০ |
| ১৩৬৪ | ৫৬৫৭ | ০.২১০০ |
| ১৩৬৪ | ৫৬৫৮ | ০.১৫০০ |
| ১৩৭৪ | ৫৬৫৯ | ০.০৮০০ |
| ১৪৩৭ | ৬১৬৩ | ০.১০০০ |
| ১৩৮২ | ৬১৬৪ | ০.১০০০ |
| ১৪৩৭ | ৬১৬৫ | ০.১৩০০ |
| ১৫৩৬ | ৬১৬৬ | ০.০৭০০ |
| ১৩৮২ | ৬১৬৭ | ০.২৪০০ |
| ১৫৩৬ | ৬১৬৮ | ০.২৮০০ |
| ১৪৩৭ | ৬১৬৯ | ০.০৭০০ |
| ১৩৮২ | ৬১৭০ | ০.১০০০ |
| ১৫৩৮ | ৬২২৬ | ০.০৫০০ |
| ১৫৩৮ | ৬২২৭ | ০.৩৫০০ |
| ১৩২২ | ৬২২৮ | ০.৩৫০০ |
| ১৫৩৮ | ৬২২৯ | ০.১১০০ |
| ১৫৩৮ | ৬২৩০ | ০.০১০০ |
| ১৫৩৮ | ৬২৩১ | ০.০৯০০ |
| ১৫৩৮ | ৬১৬৭/৬২৩৪ | ০.৩৫০০ |
| | মোট= | ২০.৫২০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৮.২৪.৮১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাকলগাঁও | ৫৪ | ২৪৫৯ | ১৪ | সাভার | ঢাকা |
| ০২ | পশ্চিম সদরপুর | ৬৬ | ৩৫০ | ০৩ | সাভার | ঢাকা |
| ০৩ | গেরুয়া | ১০৫ | ১১২৮ | ০৯ | সাভার | ঢাকা |
| ০৪ | কির্ত্তিনোয়াদ্দা | ১০৭ | ৪১২ | ০৪ | সাভার | ঢাকা |
| ০৫ | সিসার চর | ১৮০ | ৪৮৫ | ০৪ | সাভার | ঢাকা |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৭.২৪.৮২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জোয়ার | ০৭ | ৩৬৫ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ২ | ভকরগাঁও | ২৩ | ৪৩২ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩ | ভোলাপাড়া | ২৫ | ২৭৮ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৪ | আরাজী রাতোর | ৩৮ | ১০৮ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৫ | বাকসা সুন্দরপুর | ৫৮ | ২২৫ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৬ | ক্ষুদ্র বাঁশবাড়ী | ৭০ | ১৫৮ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৭ | কেওটান | ১১২ | ২৫৭ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৮ | চাকদহ | ০৮ | ৪৯৯ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৯ | পাঁচদয়াল | ০৯ | ৪৫৪ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ১০ | আরাজী সরলিয়া | ৪১ | ২৩৩ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ১১ | ভোটপাড়া | ২৩ | ৩৬৬ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ১২ | কিসমত সোনাপাটিলা | ০১ | ১৩৭২ | ০৫ | আটোয়ারী | পঞ্চগড় |
| ১৩ | ডাবরভাঙ্গা | ৫৩ | ৪৮৭ | ০২ | বোদা | পঞ্চগড় |
| ১৪ | আমিরনগর | ১১৫ | ৬৪৭ | ০২ | বোদা | পঞ্চগড় |
| ১৫ | আরাজী গৌরিকান্ত | ১২২ | ৩৬৭ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ১৬ | ধনমন্ডল | ৬৫ | ৩০৪ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ১৭ | খারিজা সোনাহার | ৯৮ | ৮১০ | ০২ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ১৮ | চতুরাডাঙ্গী | ১৫ | ৫৫৫ | ০২ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ১৯ | উপঞ্চৌকী ভাজনী | ৪৭ | ১৩৯ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ২০ | গুয়ারাড়ী | ০৮ | ৮৬৮ | ০২ | তেঁতুলীয়া | পঞ্চগড় |
| ২১ | ময়নাগুড়ী | ৩৩ | ৯৯২ | ০৩ | তেঁতুলীয়া | পঞ্চগড় |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৫.৮৮**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | মানপুর | ৪৫ | ৫২৮ | ১ | জামালপুর সদর | জামালপুর |
| ২ | নিষিন্দি | ৬৮ | ৬১৬ | ২ | জামালপুর সদর | জামালপুর |
| ৩ | সোনাকাতা | ৬৯ | ১৮১৫ | ৪ | জামালপুর সদর | জামালপুর |
| ৪ | চরপাড়া | ৯৯ | ১১০৩ | ২ | জামালপুর সদর | জামালপুর |
| ৫ | দাপুনিয়া | ৩১ | ১১৬৫ | ৫ | জামালপুর সদর | জামালপুর |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭১.১৯.৮৯**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | হাজীপুর | ৩০ | ১৪০৩ | ০২ | গোলাপগঞ্জ | সিলেট | |
| ২ | রায়গড় | ৬০ | ২৬৬৯ | ০৪ | গোলাপগঞ্জ | সিলেট | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন মোকদ্দমা নং ৩৬০৩/২০২৫ বিচারাধীন থাকায় ২৮৭, ৩৫২, ৩৭৮, ৮১৩, ৯০১, ১৫৮৯ ও ২৪৪৭ নং খতিয়ান ব্যতিরেকে। |
| ৩ | নালিউরী | ৭৩ | ১৭৭৯ | ০৪ | গোলাপগঞ্জ | সিলেট | |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০২.২১.৯০**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্ত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | ছোট নাচনাপাড়া | ২৯ | ৪০২ | ২ | আমতলী | বরগুনা |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১৩.১৫.৯১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্ত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | চর আনন্দ ৩য় খন্ড | ৩১ | ৭৩৩ | ০২ | ভোলা সদর | ভোলা |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১৩.১৫.৯২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্ত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | চর আনন্দ | ১০৬ | ৪৮৯ | ০২ | ভোলা সদর | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ : ০৬ বৈশাখ ১৪৩৩/১৯ এপ্রিল ২০২৬

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৩০.২৪.১৪৬**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সাম্মী আক্তার, পিতা-মোঃ সাখাওয়াত হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫ (২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules. 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## ডি-৭ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৬ বৈশাখ ১৪৩৩/১৯ এপ্রিল ২০২৬

নং **২৩.০০.০০০০.০৭০.১৯.১৫৪.২৪.৯২**—বাংলাদেশ বিমান বাহিনী নির্দেশিকা ১/৯৩ অনুযায়ী ফ্লাইট লেফটেন্যান্ট মোঃ শেহাব-উর-রহমান (বিডি/১০২৮৮), জিডি(পি)-কে ২৬ অক্টোবর ২০২৫ তারিখ থেকে জিডি(পি) শাখা থেকে এটিসি শাখায় (Air Traffic Control Branch) পরিবর্তন করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাকির হোসেন**
উপসচিব।

---

## ডি-১৮ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২-২৫৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১১৫৯৯ লে. মাসরু জাফর প্লাবন, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

তারিখ : ০৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/১৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.২০৮.২৬-২৭৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১১১৫৮ ক্যাপ্টেন আল হাসিব মাহমুদ, এডি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ /১৫ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৪.২১-১৫৪**—যেহেতু, জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সাবেক (অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চল ও বর্তমানে সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঠাকুরগাঁও, তিনি অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চলে গত ২৯-০৫-২০১৯ হতে ০২-০৭-২০২০ তারিখ পর্যন্ত কর্মকালীন তাঁর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগসমূহ উত্থাপিত হয়:

(ক) বিভিন্ন তারিখ ও সময়ে পদ্মা নদীতে আকস্মিক অভিযান পরিচালনার নামে অন্যায়ভাবে ইয়াকুব শেখসহ ১১ জন জেলের নিকট থেকে বিভিন্ন ধরনের মাছ বিধি মোতাবেক জব্দ না করে উক্ত মাছ ফরিদপুর নিজ বাসায় নিয়ে আত্মসাৎ করা এবং জেলেদের মাছ ধরার জাল পুড়ানো, নৌকা ডুবিয়ে দেয়া ও নৌকা ফুটো করাসহ তাদেরকে বিভিন্ন ধরনের গালিগালাজ করা;

(খ) ২০-০৫-২০২০ তারিখ ১৫.০০ ঘটিকার সময় দৌলতদিয়া কলাবাগান ঘাট নামক স্থান হতে উজ্জল শেখ নামক একজন পান দোকানী ধরে এনে স্থানীয় কাশেম মেম্বারের নিকট হতে ১১,০০০/- টাকা উৎকোচ গ্রহণপূর্বক ছেড়ে দেয়া;

(গ) গত ১৫-০৬-২০২০ তারিখ রাত অনুমান ২১.৩০ ঘটিকা হতে ২২.০০ ঘটিকার মধ্যে কনস্টেবল সোলাইমান (নং-৫১৩) এর সামনে এবং ২৮-০৬-২০২০ তারিখ অনুমান ১৩.০০ ঘটিকা হতে ১৪.০০ ঘটিকার মধ্যে কনস্টেবল জাহাঙ্গীর মোল্লা (নং-১২১৭) এর সামনে দৌলতদিয়া নৌ-পুলিশ ফাড়ির ইনচার্জ, পুলিশ পরিদর্শক জনাব আব্দুল মুন্নাফকে গালিগালাজ করা;

(ঘ) প্রায় সময় মদ্যপ অবস্থায় থাকা এবং গত ১০-৬-২০২০ তারিখ রাত প্রায় ২২.০০ ঘটিকার সময় সরকারি গাড়িতে করে দৌলতদিয়া নৌ-পুলিশ ফাড়িতে এসে নেশাগ্রস্ত অবস্থায় অফিসার ও ফোর্সদের রোলকল ডাকা ও অসংলগ্ন কথাবার্তা বলা এবং ০২-০৭-২০২০ তারিখ কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ এ ডোপ টেস্ট করানো হলে রিপোর্ট পজিটিভ আসা;

যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে গত ০৮-০৩-২০২১ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৪/২০২১ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২২-০৩-২০২১ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৪-০৯-২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য ১৪-০১-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগসমূহের মধ্যে উপর্যুক্ত (গ) ও (ঘ) এ উল্লিখিত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে দাখিলকৃত প্রতিবেদনে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত মতামত, অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঠাকুরগাঁও (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চল)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালায় একই বিধিমালার ৪(২)(ক) মোতাবেক তাঁকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ /১৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৬১.২৫-১৫৬**—যেহেতু, জনাব মোঃ মশিউর রহমান মন্ডল (বিপি-৮২১২১৪৭৮০৯), অতিরিক্ত পুলিশ সুপার, পাবনা; তিনি অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, কক্সবাজারে কর্মকালীন ২৫-০১-২০২১ তারিখ হতে ১২-০২-২০২১ তারিখ পর্যন্ত ১৮ (আঠারো) দিন উক্ত ইউনিটের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন; এবং

যেহেতু, বর্ণিত সময়ে তিনি বিভিন্ন তারিখে ভুয়া বিল ভাউচার দেখিয়ে টাকা উত্তোলন করে মালামাল না কিনে প্রায় সকল আর্থিক খাত শূন্য করে সরকারি ৮,২০,২৯৮/- (আট লক্ষ বিশ হাজার দুইশত আটানব্বই) টাকা আত্মসাৎ করেন। তিনি দরপত্রে অনিয়ম, শপথ ভঙ্গ, মিথ্যা তথ্য প্রদান ও স্বজনপ্রীতির মাধ্যমে "The Public Procurement Rules, 2008" লঙ্ঘন করে তাঁর স্ত্রী আপন ভাইকে কক্সবাজার ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের উর্ধ্বমুখী সম্প্রসারণ, নীচ তলার টাইলস স্থাপন, ৪টি বাথরুম নির্মাণ এবং ইলেকট্রিক্যাল কাজের কার্যাদেশ প্রদান করেন। তাঁকে উক্ত বিষয়ে কৈফিয়ত তলব করা হলে তিনি জবাব দাখিল না করে জবাব প্রদান করেছেন মর্মে অসত্য তথ্য প্রদান করেন; এবং

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণতা"-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে ১৬-১০-২০২৫ তারিখে বিভাগীয় মামলা (মামলা নং ১৬১/২৫) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০১-০২-২০২৬ তারিখে অভিযোগ নামা জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। সে পরিপ্রেক্ষিতে, গত ১৫-০৪-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ মশিউর রহমান মন্ডল (বিপি-৮২১২১৪৭৮০৯), অতিরিক্ত পুলিশ সুপার, পাবনা (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, কক্সবাজার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ"-এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার বিধি (৪) এর উপবিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## মজুরী বোর্ড শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ চৈত্র ১৪৩২/০৫ এপ্রিল ২০২৬

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০১১.২৬.৩২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ এপ্রিল ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮. ০০৪.১০.৩১ নং প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/ কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য কর্মঘন্টা নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ পারস্পরিক আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ মার্চ ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.৩৮১.২৫-৩৬৮**—যেহেতু ডা. মোঃ ইকরামুল হক (১০১৫২৯৭), ডেন্টাল সার্জন, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, জামালপুর-কে ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখে ৬৭/৩৯৮ নং মামলায় জামালপুর সদর থানা কর্তৃক গ্রেফতারপূর্বক কারাগারে আটক করা হয়;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলা গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করতে পারিবে';

সেহেতু, ডা. মোঃ ইকরামুল হক-কে ০৮-০৭-২০২৫ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলে।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ বৈশাখ ১৪৩৩/19 এপ্রিল ২০২৬

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০২৪.২০০৩ (২য় খন্ড) ৭৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদ নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

**চেয়ারম্যান**

০১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**পরিচালকবৃন্দ**

০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

০৪. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

০৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৬. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

০৭. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

০৮. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন

০৯. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

১০. অতিরিক্ত সচিব (পর্যটন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ঢাকা।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. প্রকাশ কান্তি চৌধুরী**
যুগ্মসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ মাঘ, ১৪৩২/০৮ ফেব্রুয়ারি, ২০২৬

নং **৩৭.০০.০০০০.০৯২.২৩.০১০.২৫-২০০**—নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন 'সেরাজনগর মুনছর আলী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়'টি ০৮ ফেব্রুয়ারি ২০২৬/২৫ মাঘ ১৪৩২ হতে 'সেরাজনগর মুনছর আলী পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয়' নামে সরকারি করা হলো।

২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা ইয়াসমিন**
উপসচিব।